

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১২৩.২০১৭-১৪১৩

তারিখ : ২৮ নভেম্বর ২০১৭

বিষয় : পাবনা জেলার সুজানগর উপজেলা পরিষদের অভ্যন্তরের জরাজীর্ণ ০৩টি ভবন পরিত্যক্ত ঘোষণার অনুমতি প্রদান।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা এর স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১২.৩৫.০০৯.১৭-১০৩৫; তারিখ: ১৮ অক্টোবর ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে (ক) জেলা কনডেমনেশন কমিটির ২৯ আগস্ট ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের মধ্য হতে সুজানগর উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে মুক্তা বিল্ডিং এবং প্রবাল আবাসিক বিল্ডিং এর সামনের মৎস্য হ্যাচারী ঘর পরিত্যক্ত ঘোষণার প্রস্তাব এবং ভবন দু'টি সর্বোচ্চ দর প্রাপ্তি নিশ্চিত করে এতদসংক্রান্ত সকল বিধি-বিধান/পরিপত্র/সাকুলার যথাযথভাবে অনুসরণ করে নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন দেয়া হলো। (খ) পাবনা জেলার সুজানগর উপজেলা পরিষদের অভ্যন্তরের সাবেক বিএডিসি অফিস ভবন ও গোড়াউন এর মালিকানা কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের, মালিকানা উপজেলা পরিষদের না হলে উক্ত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের পক্ষ থেকে ভবন দু'টি পরিত্যক্ত ঘোষণা ও নিলাম বিক্রয়ের অনাপত্তির প্রত্যয়নপত্র এবং সুপারিশসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

J.M. in
28/11/2017
(ড. জুলিয়া মর্সন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
পাবনা।

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।